গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
রেঞ্জ ডিআইজি'র কার্যালয়
রংপুর
website: www.rangpurrange.police.gov.bd

স্মারক নং-রং-রেঞ্জ/অপরাধ/ ৫৪৮-২ তারিখঃ-২৩/০৬/২০২৪খ্রিঃ।

প্রতি

বিভাগীয় কমিশনার
রংপুর বিভাগ, রংপুর।

বিষয়ঃ- মে/জুন ২০২৪খ্রিঃ মাসের তথ্য অধিকার আইন বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটির সভার কার্যবিবরণীর অগ্রগতি প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ- বিভাগীয় ক স্মারক নং-০৫.৪৭.০০০০.০০৫.১২.০০১.২১.২৬৩, তাং-১২/০৬/২০২৪খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মে/জুন-২০২৪খ্রিঃ মাসের তথ্য অধিকার আইন বাস্তবায়ন অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটির সভার সিদ্ধান্তের আলোকে রংপুর রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, রংপুর এর আওতাধীন সকল জেলা হতে তথ্য সংগ্রহপূর্বক মে/জুন-২০২৪খ্রিঃ মাসের অগ্রগতি প্রতিবেদন সংযুক্ত "ছক" মেতাবেক প্রেরণ করা হ'ল।

সংযুক্তঃ ০২ (দুই) পাতা।

Adel 23.6.24
রাফে সামদান হুসাইন মোঃ আদেল
বিপি-৮৮১৮২২০৫৯৫
সহকারী পুলিশ সুপার (স্টাফ অফিসার টু ডিআইজি)
তথ্য প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
পক্ষে-ডিআইজি, রংপুর রেঞ্জ
বাংলাদেশ পুলিশ, রংপুর।

"ছক"

ক্রঃ নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	রংপুর রেঞ্জাধীন পুলিশ কর্তৃক গৃহীত ব্যবস্থা
৪.	সিটিজেন চার্টার প্রণয়ন সংক্রান্তঃ যে, সকল সরকারি অফিসে সিটিজেন চার্টার এখন ও প্রণয়ন ও দৃশ্যমান করা হয়নি, সে সকল অফিসে তা দ্রুত প্রণয়ন করে দৃশ্যমান করার বিষয়ে সভায় আলোচনা হয়। সিটিজেন চার্টার সকল অফিসে আছে কি? এ বিষয়ে নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, রংপুর এর ওয়েব পেজে প্রবেশ করে সিটিজেন চার্টারের লিং থাকলেও কোন সিটিজেন চার্টার আপলোড করা হয় নি মর্মে দেখা যায়। সকল সরকারী অফিসে সিটিজেন চার্টার প্রণয়নপূর্বক ওয়েব পোর্টালে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাগণকে অনুরোধ করেন।	১) সিটিজেন চার্টার হালনাগাদপূর্বক ওয়েব পোর্টালের সংশ্লিষ্ট সেবা বক্সে আপনলোড করতে হবে। ২) সিটিজেন চার্টার অনুযায়ী জনগণের কাঙ্খিতসেবা নিশ্চিত করতে হবে।	(১) রংপুর রেঞ্জ ডিআইজি'র কার্যালয় আওতাধীন সকল জেলা পুলিশের সিটিজেন চার্টার প্রণয়নপূর্বক দৃশ্যমান করা হয়েছে এবং অত্র অফিসের সিটিজেন চার্টার প্রণয়ন প্রক্রিয়াধীন এবং তা পরবর্তীতে digrangpur@police.gov.bd ওয়েব পোটালের তথ্য অধিকার সেবা বক্সে আপলোড করা হবে। (২) সিটিজেন চার্টার অনুযায়ী জনগণের কাঙ্খিতসেবা নিশ্চিত করা হচ্ছে।
৫.	ওয়েব পোর্টাল হালনাগাদকরণঃ এখন পর্যন্ত যে সব সরকারি দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপিলকারী কর্তৃপক্ষের নাম, পদবী, মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানা ওয়েব পোর্টালে হালনাগাদ নেই তা দ্রুত হালনাগাদ করে ওয়েব পোর্টালের তথ্য অধিকার সেবা বক্সে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাগণকে অনুরোধ করেন। জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর এর ওয়েবপোর্টাল পরীক্ষা করে দেখা যায় তথ্য প্রদানকারী কর্মকর্তা ও আপীলকারী কর্তৃপক্ষের তথ্য প্রদান করা হলেও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তথ্য প্রদান করা হয়নি।	১.সকল দপ্তরে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপিলকারী কর্তৃপক্ষ নিয়োগ করতে হবে এবং তথ্য প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপিলকারী কর্তৃপক্ষের নাম, পদবী, মোবাইল নম্বর ও ইমেইল ঠিকানা ওয়েব পোর্টালের তথ্য অধিকার সেবা বক্সে আপলোড ও হালনাগাদ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ২.সকল সরকারি দপ্তরে ওয়েব পোর্টাল সপ্তাহে ০১ (এক) দিন নিয়মিত হালনাগাদ রাখার প্রয়োজনী ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৩. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের হাতে কলমে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। ৪.তথ্য অধিকার সেবা বক্সে বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তথ্য প্রদান করতে হবে।	(১) রংপুর রেঞ্জ ডিআইজি'র কার্যালয় আওতাধীন অধিকাংশ জেলা পুলিশের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপিলকারী কর্তৃপক্ষ নিয়োগ করে তা ওয়েব পোটালের তথ্য অধিকার সেবা বক্সে আপলোড করা হয়েছে এবং অবশিষ্ট জেলা গুলোতে উক্ত প্রক্রিয়া চলমান আছে। (২) অত্র রেঞ্জাধীন সকল দপ্তর সমূহে ওয়েব পোর্টাল সপ্তাহে ০১ (এক) দিন নিয়মিত হালনাগাদ করার জন্য নির্দেশ প্রদান করা হয়েছে। ৩. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের হাতে কলমে প্রশিক্ষণের ব্যবস্থা করার জন্য সংশ্লিষ্ট ইউনিটে পত্র প্রেরণ করা হয়েছে। ৪.তথ্য অধিকার সেবা বক্সে বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তথ্য প্রদান জন্য সংশ্লিষ্ট ইউনিটে পত্র প্রেরণ করা হয়েছে।
৭.	নিয়োগকৃত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনলাইন প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণঃ তথ্য অধিকার আইন ২০০৯ এর আওতায় সকল সরকারী দপ্তরে নিয়োগপ্রাপ্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে তথ্য কমিশনের ওয়েব লিংকে আরটিআই কর্মকর্তার সংখ্যা নির্ধারিত ছকে প্রেরণের বিষয়ে আলোচনা হয়।	(১) তথ্য অধিকার আইন ২০০৯ এর আওতায় সকল সরকারি দপ্তরের নিয়োগপ্রাপ্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে তথ্য কমিশনের ওয়েব লিংকে www.infocom.gov.bd মাধ্যমে অনলাইন প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। (২) আরটিআই অনলাইন প্রশিক্ষণে কোর্স সম্পন্নকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সংখ্যা নিধারিত ছক মোতাবেক প্রতিমাসের ৩ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।	(১) রংপুর রেঞ্জ ডিআইজি'র কার্যালয় আওতাধীন সকল জেলা পুলিশের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে তথ্য কমিশনের ওয়েব লিংকে www.infocom.gov.bd মাধ্যমে অনলাইন প্রশিক্ষণ গ্রহণ করেছেন এবং অবশিষ্ট জেলা গুলোতে উক্ত প্রক্রিয়া চলমান আছে। (২) রংপুর রেঞ্জ ডিআইজি'র কার্যালয় আওতাধীন সকল জেলা দপ্তরে আরটিআই অনলাইন কোর্স সম্পন্নকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সংখ্যা নিধারিত ছক মোতাবেক যথা সময়ে প্রেরণ করা হয়ে থাকে।
৮.	তথ্য অধিকার আইন,২০০৯ এর আওতায় নাগরিকগণের তথ্য প্রাপ্তির আবেদন নিস্পত্তি সংক্রান্ত :তথ্য অধিকার আইন ২০০৯ এর আওতায় নাগরিকগণের তথ্য প্রাপ্তির আবেদন প্রয়োজনে শুনানিঅন্তে নিস্পত্তির ব্রব্স্থা গ্রহণ করতে হবে। আবেদন পাওয়া না গেলেও শুন্য প্রতিবেদন প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়।	(১)তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় নাগরিকগণের তথ্য প্রাপ্তির আবেদন আইনের আলোকে দ্রুত নিস্পত্তি করতে হবে। (২)অধিস্তন অফিস থেকে তথ্য প্রাপ্তির আপিল আবেদন নিস্পত্তির ক্ষেত্রে শুনানি গ্রহণ করতে হবে। (৩)তথ্য অধিকার আইনে প্রতি মাসের প্রাপ্ত আবেদনের তথ্য পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে ত্র কার্যালয়ে প্রেরণ করতে হবে। আবেদন পাওয়া না গেলে শূন্য প্রতিবেদন প্রেরণ করতে হয়।	(১)তথ্য অধিকার আইন, ২০০৯ এর আওতায় নাগরিকগণের তথ্য প্রাপ্তির আবেদন আইনের আলোকে দ্রুত নিস্পত্তি করা হয়ে থাকে। (২) অধিনস্ত অফিস থেকে তথ্য প্রাপ্তীর আপিল আবেদন প্রাপ্তী সাপেক্ষে নিস্পত্তির জন্য শুনানী গ্রহণ করা হয়ে থাকে। (৩) প্রেরিত ছক মোতাবেক তথ্য অধিকার আইনে প্রতি মাসের প্রাপ্ত আবেদনের তথ্য যর্থাসময়ে প্রেরণ করা হয়ে থাকে। আবেদন পাওয়া না গেলেও শূন্য প্রতিবেদন প্রেরণ করা হয়।
৯.	তথ্য বিমুক্তকরণ গাইডলাইনঃ স্ব-প্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা প্রকাশের বিধান থাকায় যে যে তথ্য প্রকাশযোগ্য তা ওয়েবপোট্যলের তথ্য অধিকার সেবা বক্সে প্রকাশের বিষয়ে সভায় আলোচনা হয়।	স্ব স্ব অফিসের কোন কোন তথ্য দেয়া যাবে তার তালিকা ওয়েব পোর্টালের তথ্য অধিকার সেবা বক্সে স্ব-প্রণোদিতভাবে প্রকাশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	রংপুর রেঞ্জ ডিআইজি'র কার্যালয় আওতাধীন সকল জেলা পুলিশের তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৭ ধারা মোতাবেক পুলিশের স্ব-প্রণোদিত ভাবে স্ব স্ব অফিসের কোন কোন তথ্য দেয়া যাবে তার তালিকা তৈরি পূর্বক ওয়েব পোর্টালে প্রকাশ করার কাজ চলমান রয়েছে।
১০.	বিবিধ আলোচনাঃ	সভার কার্যবিবরণীর আলোকে নিয়মিত তথ্য এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।	রংপুর রেঞ্জ ডিআইজি'র কার্যালয় আওতাধীন সকল জেলা পুলিশ অফিস হতে নিয়মিত তথ্য প্রদান করা হয়।

23.6.24

রাফে সামদান হুসাইন মোঃ আদেল
বিপি-৮৮১৮২২০৫৯৫
সহকারী পুলিশ সুপার (স্টাফ অফিসার টু ডিআইজি)
তথ্য প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
পক্ষে-ডিআইজি, রংপুর রেঞ্জ
বাংলাদেশ পুলিশ, রংপুর।

"ছক"

ক্র: নং	কার্যালয়/দপ্তর	প্রাপ্ত আবেদনের সংখ্যা	নিষ্পত্তিকৃত আবেদনের সংখ্যা	অনিষ্পন্ন আবেদনের সংখ্যা
১.	রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, রংপুর	-	-	-
২.	পুলিশ সুপারের কার্যালয়, রংপুর	-	-	-
৩.	পুলিশ সুপারের কার্যালয়, গাইবান্ধা	-	-	-
৪.	পুলিশ সুপারের কার্যালয়, কুড়িগ্রাম	-	-	-
৫.	পুলিশ সুপারের কার্যালয়, লালমনিরহাট	-	-	-
৬.	পুলিশ সুপারের কার্যালয়, নীলফামারী	-	-	-
৭.	পুলিশ সুপারের কার্যালয়, দিনাজপুর	-	-	-
৮.	পুলিশ সুপারের কার্যালয়, ঠাকুরগাঁও	-	-	-
৯.	পুলিশ সুপারের কার্যালয়, পঞ্চগড়	-	-	-

23.6.21

রাফে সামদান হুসাইন মোঃ আদেল
বিপি-৮৮১৮২২০৫৯৫
সহকারী পুলিশ সুপার (স্টাফ অফিসার টু ডিআইজি)
তথ্য প্রদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
পক্ষে-ডিআইজি, রংপুর রেঞ্জ
বাংলাদেশ পুলিশ, রংপুর।